

ফাজিল

ফাজিল
১৩

SEP. 22 1982

আলিম ফাজিল ও কামিল পরীক্ষা ঝালকাঠির এনএস কামিল মাদ্রাসা এবারও শীর্ষে

ঝালকাঠি প্রতিবেদন

মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলে এবারও শীর্ষস্থান অধিকার করেছে ঝালকাঠির এনএস কামিল মাদ্রাসা। এ প্রতিষ্ঠানে পাসের হার ১০০%। সম্মিলিত মেধা তালিকায় এ মাদ্রাসা থেকে আলিমে ৯ জন, ফাজিলে ৩ জন ও কামিলে ১জনসহ মোট ১৩ জন স্থান পেয়েছে।

আলিমে সম্মিলিত মেধা তালিকায় মুহাম্মদ সাইফুল ইসলাম দ্বিতীয়, মুহাম্মদ ইজহারুল ইসলাম পঞ্চম, মুহাম্মদ সোলায়মান ষষ্ঠ, মুহাম্মদ হাসান রফিক নবম, মুঃ শহিদুল ইসলাম দশম, মুহাম্মদ আবু জাফর ১৪তম, মুহাম্মদ সাইফুল ইসলাম ১৬তম, মুহাম্মদ শাহাদাত হোসেন ১৮তম ও মুহাম্মদ ইকবাল হোসেন ১৯তম স্থান;

ফাজিলে সম্মিলিত মেধা তালিকায় মোঃ নজরুল ইসলাম সপ্তম, মুহাম্মদ হাফিজুর রহমান অষ্টম ও মুহাম্মদ আমির হোসেন ১৪তম এবং কামিলে মুহাম্মদ হাবিবুল্লাহ ১২তম স্থান অধিকার করেছে।

আলিমে মোট ২৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১২৩ জন প্রথম বিভাগ, ১৩২ জন দ্বিতীয় বিভাগ ও ৮ জন তৃতীয় বিভাগ; ফাজিলে ১৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৫ জন প্রথম

বিভাগ, ৭০ জন দ্বিতীয় বিভাগ ও ৩ জন তৃতীয় বিভাগ এবং কামিলে ১৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৬ জন প্রথম শ্রেণী, ১০৫ জন দ্বিতীয় শ্রেণী ও ১ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। পরীক্ষার্থীদের এই অসাধারণ সাফল্যে ঝালকাঠির এনএস কামিল মাদ্রাসায় আনন্দের বন্যা বয়ে যাচ্ছে।